# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০২.১৯. ১৬৪ তারিখঃ ১৯ মে ২০১৯

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রথম সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

আগামী ২০২০ সালে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি, বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় জাতীয় এবং আন্তর্জাতিকভাবে উদযাপিত হবে।

তাঁর জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে সার্বিক কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়নে গত ১৬ মে ২০১৯ তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় কর্তৃপক্ষে একটি জরুরি সভা আহবান করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী। সভায় সংশ্লিষ্ট অংশীজনের সাথে বিস্তারিত আলোচনাক্রমে বীমা সেক্টরে গৃহীতব্য কর্মসূচীর পরিকল্পনা করা হয়েছে। উল্লেখ্য, উক্ত পরিকল্পনায় প্রয়োজনে আরো সংযোজনের প্রস্তাব রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি এবং কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) ফর্দ।

১৯।০৫।২০১৯
(আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক)
পরিচালক (উপসচিব)
ফোনঃ ৫৭১৬০৯০৬
ই-মেইল: akmfh.bbs@gmail.com

**অনুলিপি (কার্যার্থে):**

১। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা/সাধারণ বীমা কর্পোরেশন;
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ/নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি;

**অনুলিপি (সদয় অবগতি):**

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৩। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৪। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৬। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৭। কর্তৃপক্ষের সকল শাখা প্রধান;
৮। অফিস কপি।

# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বীমা শিল্পের প্রতিনিধিদের নিয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত প্রথম সভার কার্যবিবরণী।**

আগামী ২০২০ সালে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি, বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে গত ১৬ মে ২০১৯ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী এর সভাপতিত্বে কর্তৃপক্ষের ১নং সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কর্তৃপক্ষের সদস্যগণ, নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তাগণ (প্রতিনিধিত্বমূলক) এবং জীবন বীমা কর্পোরেশনের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভায় উপস্থিতির তালিকা **'পরিশিষ্ট-ক'** তে দেখা যেতে পারে।

খুব স্বল্প সময়ের নোটিশে সভায় উপস্থিতির জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এসময় সভাপতি কর্তৃপক্ষের সদস্য জনাব গকুল চাঁদ দাস কে গত ১৫ মে ২০১৯ তারিখ আর্থিক প্রতিষ্ঠান বিভাগে সিনিয়র সচিব মহোদয়ের সাথে অনুষ্ঠিত সভার বিস্তারিত জানানোর জন্য আহবান জানান।

সকলকে শুভেচ্ছান্তে জনাব গকুল চাঁদ দাস জানান যে, আমরা খুব সৌভাগ্যবান কারণ আমরা হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি, বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করতে পারছি। তাঁর সুযোগ্য নেতৃত্বে আজ আমরা স্বাধীন দেশে মাথা উঁচু করে বাঁচতে পারছি এবং তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নেতৃত্বে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে পৌঁছেছে। তিনি উল্লেখ করেন, আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ হতে ১৭ মার্চ ২০২১ সাল কে 'মুজিব বর্ষ' ঘোষণা করা হয়েছে। এ উপলক্ষে যে সকল কর্মসূচি নেয়া হবে তাতে দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে যেন দীর্ঘস্থায়ী প্রভাব থাকে সে ধরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি আরও জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ে দু'টি কমিটি গঠন করা হয়েছে যথা: মাননীয় প্রধানমন্ত্রী এর নেতৃত্বে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় কমিটি' এবং সাবেক মুখ্য সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী এর নেতৃত্বে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'।

'মুজিব বর্ষ' যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য বীমা শিল্পের করণীয় বিষয়ে অর্থাৎ কর্মপরিকল্পনা নির্ধারণে সভাপতি উন্মুক্ত আলোচনার জন্য সকলকে আহবান জানান। উন্মুক্ত আলোচনা শেষে নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) এ উপলক্ষে সর্বসাধারণের জন্য লাইফ এবং নন-লাইফ বীমা পরিকল্প/প্রোডাক্ট চালুর ব্যবস্থা করা।
(ক) লাইফ বীমা কোম্পানি হতে **'বঙ্গবন্ধু শিক্ষা নিরাপত্তা বীমা'** এবং **'বঙ্গবন্ধু হেলথ্ স্কিম বা বঙ্গবন্ধু স্বাস্থ্য বীমা'** চালু করা।

(খ) নন-লাইফ বীমা কোম্পানি হতে দেশের খেলোয়াড়দের জন্য **'বঙ্গবন্ধু ক্রীড়াবিদ বীমা'** পলিসি চালু করা।

(২) বীমা শিল্পে দক্ষতা বৃদ্ধিতে ACII এবং Actuarial Science এ যারা ডিগ্রি নেবেন তাঁদের জন্য **'বঙ্গবন্ধু বীমা বৃত্তি'** চালুর উদ্যোগ গ্রহণ।

(৩) কর্তৃপক্ষ এবং সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানির স্ব স্ব ওয়েবসাইটে 'মুজিব বর্ষ' উদযাপন সংক্রান্ত পৃথক একটি মেনুবার রাখা এবং সেখানে গৃহীত সকল কার্যক্রমের আপডেট তথ্য উপস্থাপন করা।

(৪) কর্তৃপক্ষসহ সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানির একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা সুনির্দিষ্ট করা।

(৫) কর্তৃপক্ষ কর্তৃক প্রতিবছর কয়েকটি ক্যাটাগরি মূল্যায়নক্রমে লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানির Performance এর উপর ভিত্তি করে **'বঙ্গবন্ধু বীমা পুরস্কার'** এর প্রবর্তন করা।

(৬) এ উপলক্ষে পুরো বছর জুড়ে কর্তৃপক্ষ এবং লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানিসমূহের সকল কার্যক্রমে বা পত্র আদান-প্রদানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি সম্বলিত বিশেষ লোগো বা মনোগ্রাম ব্যবহার করা।

(৭) ত্রৈমাসিক ভিত্তিতে বীমা বিষয়ে একটি পাবলিকেশন প্রকাশ করা।

(৮) বীমা মেলা ২০১৯ যে বিভাগে আয়োজন করার পরিকল্পনা করা হবে তা **'বঙ্গবন্ধু বীমা মেলা ২০১৯'** নামে অভিহিত করা।

(৯) জাতীয় বীমা দিবস পালনের জন্য একটি দিন নির্ধারণ করা।

**উপরোক্ত কার্যক্রম বাস্তবায়নে করণীয় বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

(ক) **'বঙ্গবন্ধু শিক্ষা নিরাপত্তা বীমা'** বিষয়ে বাংলাদেশ ব্যাংক এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কাজ করছে। এ কাজকে আরও তরান্বিত করে যাতে 'মুজিব বর্ষে' বীমা পরিকল্পটি চালু করা যায় তার উদ্যোগ গ্রহণ করা এবং প্রস্তাবিত শিক্ষা বীমা প্রকল্পটিকে 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' নামে অভিহিত করার জন্য বাংলাদেশ ব্যাংকে পত্র প্রেরণ।

(খ) **'বঙ্গবন্ধু হেলথ্ স্কিম বা বঙ্গবন্ধু স্বাস্থ্য বীমা'** চালু করার জন্য বাংলায় অনুবাদ করে কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের জন্য ফারইষ্ট লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ এর মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। এরপর উক্ত বীমা পরিকল্পটি একচ্যুয়ারি কর্তৃক ভেটিং এর পর বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) বীমা শিল্পে দক্ষতা বৃদ্ধিতে বীমা শিল্পে সবার অংশগ্রহণে ACII এবং Actuarial Science এ যারা ডিগ্রি নেবেন তাঁদের জন্য **'বঙ্গবন্ধু বীমা বৃত্তি'** চালুর উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) সকল বীমা কোম্পানি হতে একজন করে ফোকাল পয়েন্ট নির্বাচন করা এবং তাদের মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস কর্তৃপক্ষের নিকট প্রেরণ যাতে এ সংক্রান্ত সকল কার্যক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে সহজেই যোগাযোগ করা যায়।

(ঙ) পবিত্র ঈদ উল ফিতর উদযাপন শেষে সকল বীমা কোম্পানি এবং বীমা শিল্পের প্রতিনিধিদের সমন্বয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য সভা করা।

(চ) এছাড়া এ উপলক্ষে সভা, সেমিনার, রোড শো, র‍্যালি প্রভৃতি আয়োজন করা এবং সময়ে সময়ে সরকার কর্তৃক যে সকল নির্দেশনা আসবে তা যথাযথভাবে পরিপালন করা।

(ছ) এ উপলক্ষে প্রয়োজনে বিভিন্ন কমিটি ও উপকমিটি গঠন করা।

(জ) 'মুজিব বর্ষ' উপলক্ষে নতুন নতুন কর্মপরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/৫/১৯

(মোঃ শফিকুর রহমান পাটোয়ারী)
চেয়ারম্যান

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০২.১৯. ১৩৩ তারিখ: ১৯ মে ২০১৯

**অনুলিপি (কার্যার্থে):**

১। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা/সাধারণ বীমা কর্পোরেশন;
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল লাইফ/নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি;

**অনুলিপি (সদয় অবগতি):**

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৩। সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৪। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৬। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৭। কর্তৃপক্ষের সকল শাখা প্রধান;
৮। অফিস কপি।